

# Telephone Conversation between Prime Minister Shri Narendra Modi and H.E. Emmanuel Macron, President of France

December 07, 2020

## ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রঁর সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে কথা ডিসেম্বর 07, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ফ্রান্সের রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রঁর সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।

ফ্রান্সে জঙ্গি হানায় প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি ম্যাক্রঁকে তাঁর সমবেদনা জানিয়েছেন এবং সন্ত্রাসবাদ, চরমপন্থা ও মৌলবাদের বিরুদ্ধে ফ্রান্সের লড়াইয়ে ভারতের পূর্ণ সমর্থনের প্রতিশ্রুতি দিয়েছেন।

উভয় নেতা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন নিয়ে আলোচনা করেছেন। এর মধ্যে রয়েছে স্বল্প মূল্যের ও আয়স্বাধীন কোভিড-১৯ টিকার উদ্ভাবন, কোভিড পরবর্তী সময়ে অর্থনীতির পুনরুজ্জীবন, ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সহযোগিতা, সামুদ্রিক বাণিজ্যের নিরাপত্তা, প্রতিরক্ষা সহযোগিতা, ডিজিটাল অর্থনীতি, সাইবার নিরাপত্তা, বহুস্তরীয় ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি, জলবায়ু পরিবর্তন রোধে পারস্পরিক সহযোগিতা ও জৈব বৈচিত্র্য রক্ষা।

উভয় নেতা আলোচনায় সন্তোষ প্রকাশ করেছেন। সম্প্রতি ভারত-ফ্রান্সের মধ্যে দূত কৌশলগত অংশিদারিত্বের আবহে, তারা কোভিড পরবর্তী সময়ে একযোগে কাজ করার সিদ্ধান্ত নিয়েছেন।

প্রধানমন্ত্রী জনস্বাস্থ্য সম্পর্কিত পরিস্থিতি স্বাভাবিক হলে রাষ্ট্রপতি ম্যাক্রঁকে ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লী  
ডিসেম্বর 07, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.